



ইরান ঘিরে তৃতীয় নৌবহর মোতায়েনের প্রস্তুতি যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে মধ্যপ্রাচ্যে আরও একটি নৌবহর পাঠানোর প্রস্তুতি নিচ্ছে যুক্তরাষ্ট্র। এরই মধ্যে বিমানবাহী রণতরী ইউএসএস থিওডর রুজভেল্ট ও কয়েকটি যুদ্ধজাহাজ মধ্যপ্রাচ্যের উদ্দেশে যাত্রা করেছে বলে জানিয়েছে দ্য নিউইয়র্ক পোস্ট।

নতুন বহরে মার্কিন নৌবাহিনীর অ্যামফিবিয়াস জাহাজ ইউএসএস মার্কিন আইল্যান্ড এবং স্থল অভিযানে সক্ষম প্রায় দুই হাজার মেরিন সদস্য রয়েছে। বহরের নাবিকদেরসহ ইরানের আশপাশে নতুন করে প্রায় ১০ হাজার মার্কিন নৌসেনা মোতায়েন হতে পারে।

এদিকে বর্তমানে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের দুটি বিমানবাহী রণতরীর বহর রয়েছে। এর মধ্যে একটি ইউএসএস জর্জ ডব্লিউ বুশ, অন্যটি ইউএসএস জর্জ ওয়াশিংটন।

LENS ASIA